পাঠ ২৩

# নিজের মতো লিখি



## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব–

- প্রমিত উচ্চারণে বলা যুক্তবর্ণে গঠিত পরিচিত শব্দ ও বাক্য মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।
- প্রমিত বাংলায় বলা প্রশ্ন, সাধারণ নির্দেশনা, আদেশ, অনুরোধ ও উপদেশ শুনে বুঝতে পারা।
- চিত্র/ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা, গল্প শুনে বিষয়বস্তু বুঝতে পারা এবং আনন্দ লাভ করতে পারা।
- পরিচিত শব্দ (যুক্তবর্ণযুক্ত বা যুক্তবর্ণহীন), বাক্য স্পষ্ট স্বরে শুদ্ধভাবে বলতে পারা।
- চিত্র/ছবি সংবলিত বা চিত্র/ছবিবিহীন কবিতা, গল্প বুঝে সাবলীলভাবে বলতে পারা।
- ছড়া, কবিতা, রূপকথা, গল্প বিরামচিহ্ন মেনে ও প্রমিত উচ্চারণে স্পষ্ট স্বরে শুদ্ধভাবে পড়ে বুঝতে পারা ও আনন্দ লাভ করা।
- ছড়া, কবিতা, গল্প বিষয় বুঝতে পারা।
- বিরামচিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) ব্যবহার করে স্পষ্টভাবে সঠিক বানানে বাক্য এবং শ্রুতলিপি লিখতে পারা।
- পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা ও গল্পের শব্দ, বাক্য লিখতে পারা।
- বিদ্যালয় ও পারিবারিক পরিবেশ উপযোগী প্রশ্ন, নির্দেশনা, কথোপকথন বুঝে সহজ বাক্যে প্রমিত বাংলায় লিখতে পারা।

## পাঠের শিখনফল

১.২.২ বাক্য শুনে শব্দ শনাক্ত করতে পারব।
২.১.২ শিক্ষকের নির্দেশনা শুনে পালন করতে পারব।
৪.১.১ ছড়া শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারব।
৮.১.১ স্পষ্ট ও প্রমিত উচ্চারণে ছড়া বলতে পারব।
১২.১.১ সঠিকভাবে বানান করে ছড়ার চরণ পড়তে পারব।
১২.২.১ ছড়া পড়ে বিষয়বস্তু বুঝে বলতে পারব।
১৪.১.১ নিকট পরিবেশ সম্পর্কে বাক্য লিখতে পারব।
১৬.১.১ ছড়া পড়ে শব্দ লিখতে পারব।
১৬.১.২ দেখে দেখে ছড়ার চরণ লিখতে পারব।

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই–

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ঘুড়ি | নীল | প্রজাপতি | রঙিন | নৌকা | আঁকা | আকাশ | জুড়ে |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, এ পাঠে তোমাদের শিখনযোগ্যতা কতটা অর্জিত হয়েছে তা যাচাইয়ের জন্য পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও নমুনা প্রশ্নোত্তর এখানে দেওয়া হলো। তথ্যসূত্র সংবলিত পাঠগুলো তোমাদের ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর — চলো, পারি কি না দেখি

### ১ শব্দ বসাই

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫২

নীল ঘুড়ি উড়ে যায়।
উড়ে উড়ে দূরে ———। (যায়/খায়)
প্রজাপতির রঙিন পাখা।
নানা রঙের ছবি ———। (ডাকা/আঁকা)
নদীর বুকে নৌকা ভাসে।
আকাশ জুড়ে সূর্য ———। (আসে/হাসে)

**উত্তর :**

নীল ঘুড়ি উড়ে যায়।
উড়ে উড়ে দূরে **যায়**। (যায়/খায়)
প্রজাপতির রঙিন পাখা।
নানা রঙের ছবি **আঁকা**। (ডাকা/আঁকা)
নদীর বুকে নৌকা ভাসে।
আকাশ জুড়ে সূর্য **হাসে**। (আসে/হাসে)

### ২ নিজের মতো শব্দ বসিয়ে লিখি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৩

বই পড়তে আমার ———। বইয়ের ছবিগুলো ———। বাবা, আমাকে বই কিনে ———। মা, এটা ——— বই? আমি বইয়ের মতো ছবি ———।

**উত্তর :** বই পড়তে আমার **ভালো লাগে**। বইয়ের ছবিগুলো **সুন্দর**। বাবা, আমাকে বই কিনে **দিয়েছেন**। মা, এটা **কী** বই? আমি বইয়ের মতো ছবি **আঁকব**।

### ৩ নিজের ভালো লাগার কথা লিখি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৩

**উত্তর :**

আমার বাগানটি অনেক সুন্দর।
বাগান করতে আমার ভালো লাগে।
আমার বাগানে বিভিন্ন ধরনের ফুলের গাছ আছে।
আমার বাগানে প্রজাপতি, মৌমাছি আর অনেক পাখি আসে।
এর মধ্যে গোলাপ আর বেলি ফুল আমার সবচেয়ে বেশি ভালো লাগে।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।**

ঘুড়ি, প্রজাপতি, নদী। ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৮৯

**উত্তর :**

| শব্দ | বাক্য |
|---|---|
| ঘুড়ি | ঘুড়ি উড়াতে অনেক মজা। |
| প্রজাপতি | প্রজাপতির রঙিন পাখা দেখতে সুন্দর। |
| নদী | নদীতে অনেক মাছ পাওয়া যায়। |

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ২. ছবি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।**



**প্রশ্ন ক. ঘুড়ি কোথায় উড়ে যায়?**

**উত্তর :** ঘুড়ি আকাশে উড়ে যায়।

**প্রশ্ন খ. ঘুড়ি উড়াতে কী কী লাগে?**

**উত্তর :** ঘুড়ি উড়াতে লাটাই আর সুতো লাগে।

**প্রশ্ন গ. কবিতায় কী কী রঙের ঘুড়ির কথা বলা হয়েছে?**

**উত্তর :** কবিতায় লাল ও নীল রঙের ঘুড়ির কথা বলা হয়েছে।

### পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**প্রশ্ন ৩. কবিতার বিষয়বস্তু লেখ।** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৮৬

**উত্তর :** শিশু-কিশোর বয়সে ঘুড়ি ওড়ানোর প্রতি আমাদের আগ্রহ থাকে। শিশু-কিশোর মন নানা রঙের ঘুড়ি দেখে জিজ্ঞাসা করে এই ঘুড়ি উড়ে উড়ে যে দূরে যায়, পাখা কোথায় পায়? কোন পাখায় ভর করে ঘুড়ি উড়ে দূরে যায়?

**প্রশ্ন ৪. বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ।**

পাখি দেখতে আমার ভালো লাগে পাখি আকাশে ওড়ে ঘুড়িও আকাশে ওড়ে পাখি সুন্দর ঘুড়িও সুন্দর আমি যদি পাখির মতো উড়তে পারতাম ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৮৭

**উত্তর :** পাখি দেখতে আমার ভালো লাগে। পাখি আকাশে ওড়ে। ঘুড়িও আকাশে ওড়ে। পাখি সুন্দর। ঘুড়িও সুন্দর। আমি যদি পাখির মতো উড়তে পারতাম!

### লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**প্রশ্ন ৫. সঠিক শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ কর।**

পাখা, দূরে, আকাশে, ঘুড়ি।

নীল ——— লাল ঘুড়ি
উড়ে যায় ———।
উড়ে উড়ে ——— যায়
কোথা পেলো ——— সে। ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৮৬

**উত্তর :**

নীল ঘুড়ি লাল ঘুড়ি
উড়ে যায় আকাশে।
উড়ে উড়ে দূরে যায়
কোথা পেলো পাখা সে।

**প্রশ্ন ৬. নিচের শব্দগুলোর মিল-শব্দ লেখ।**

ঘুড়ি, পাখা, ভাসে। ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৮৬

**উত্তর :**

| শব্দ | মিল-শব্দ |
|---|---|
| ঘুড়ি | উড়ি, নুড়ি। |
| পাখা | শাখা, মাখা। |
| ভাসে | হাসে, ঘাসে। |

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/ পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/ অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক চিহ্ন (✓) প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| মূল্যায়ন ক্ষেত্র | শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| জ্ঞান | ছড়া থেকে শব্দ শনাক্ত করে বলতে পারে। | | | |
| | বাক্য শুনে শব্দ শনাক্ত করতে পারে। | | | |
| | বিরামচিহ্ন শনাক্ত করতে পারে। | | | |
| দক্ষতা | ছড়া শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পেরেছে। | | | |
| | স্পষ্ট ও প্রমিত উচ্চারণে ছড়া বলতে পেরেছে। | | | |
| | সঠিকভাবে বানান করে ছড়ার চরণ পড়তে পেরেছে। | | | |
| | ছড়া পড়ে শব্দ লিখতে পেরেছে। | | | |
| | ছড়া পড়ে বিষয়বস্তু বুঝে বলতে পেরেছে। | | | |
| | দেখে দেখে ছড়ার চরণ লিখতে পেরেছে। | | | |
| | শিক্ষকের নির্দেশনা শুনে পালন করতে পেরেছে। | | | |
| | স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পেরেছে। | | | |
| | নির্দেশনা অনুসারে বাক্য লিখতে পেরেছে। | | | |
| মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি | আগ্রহ সহকারে স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পেরেছে। | | | |
| | আগ্রহ সহকারে নিজের ভালো লাগার কথা বলতে পেরেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় :..............

শিক্ষার্থীর নাম : .................................... শ্রেণি : .................................... রোল নম্বর : ☐

**১। ছবি দেখে প্রশ্নগুলোর উত্তর লেখ।**



ক. ঘুড়ি কোথায় উড়ে যায়?

খ. ঘুড়ি উড়াতে কী কী লাগে?

গ. কবিতায় কী কী রঙের ঘুড়ির কথা বলা হয়েছে?

**২। শূন্যস্থানে সঠিক শব্দ বসিয়ে লেখ।**

বই পড়তে আমার ———। বইয়ের ছবিগুলো ———। বাবা, আমাকে বই কিনে ———। মা, এটা ——— বই? আমি বইয়ের মতো ছবি ———।

**উত্তরমালা**

১ ▸ ক. ঘুড়ি আকাশে উড়ে যায়।

খ. ঘুড়ি উড়াতে লাটাই আর সুতো লাগে।

গ. কবিতায় লাল ও নীল রঙের ঘুড়ির কথা বলা হয়েছে।

২ ▸ বই পড়তে আমার **ভালো লাগে**। বইয়ের ছবিগুলো **সুন্দর**। বাবা, আমাকে বই কিনে **দিয়েছেন**। মা, এটা **কী** বই? আমি বইয়ের মতো ছবি **আঁকব**।

মূল্যায়ন রিপোর্ট ▶ প্রাপ্ত নম্বর ☐ শিখনের অর্জিত মাত্রা ☐